মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৫টায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে জেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মোল্লা মিন্টুর সভাপতিত্বে এবং সদস্য সচিব শহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. কামরুল হাসান ও মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিনুল ইসলাম।

আলোচনা সভায় জেলা ও উপজেলা পর্যায়ের স্বেচ্ছাসেবক দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথির বক্তব্যে জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. কামরুল হাসান বলেন, “স্বেচ্ছাসেবক দলের প্রতিটি ওয়ার্ড ও অঞ্চলের যোগ্য ও সক্রিয় নেতাকর্মীদের মধ্য থেকেই আহ্বায়ক ও সিনিয়র নেতাদের দায়িত্ব দেওয়া হয়েছে। আমরা আশা করেছিলাম, যাদের কমিটিতে দায়িত্ব দেওয়া হচ্ছে তারা মেহেরপুরের স্বেচ্ছাসেবক দলকে সুন্দর, সুসংগঠিত ও শক্তিশালীভাবে গড়ে তুলবেন—যেভাবে তারেক রহমান চান। আপনারা ইতোমধ্যে তার প্রমাণ দিয়েছেন। ইনশাআল্লাহ, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দল আরও এগিয়ে যাবে।”

আলোচনা সভায় বক্তারা স্বেচ্ছাসেবক দলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর তাৎপর্য তুলে ধরেন। একই সঙ্গে সংগঠনকে আরও শক্তিশালী, সুসংগঠিত ও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন তারা।

পরে দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নেতাকর্মীরা সংগঠনের ঐক্য ও সাংগঠনিক কার্যক্রম আরও বেগবান করার প্রত্যয় ব্যক্ত করেন।

দামুড়হুদা প্রেসক্লাবে সময়ের সমীকরণ পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১০ম পদার্পন উপলক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবে পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, থানা বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া।

দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, সদস্য হাবিবুর রহমান হবি, খালেকুজ্জামান, হেলাল উদ্দিন, হাতেম আলি,সাফায়েতুল্লাহসহ প্রেসক্লাবের সদস্য বৃন্দ।

প্রধান অতিথি দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন, আমার সব থেকে ভালো লেগেছে দৈনিক সময়ের সমীকরণ এই নাম। আমি দেখেছি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মাঝে জীবনের ঝুঁকি নিয়ে সাংবাদিকরা ভিডিও ফুটেজ তৈরি করে সময়ের সমীকরণ পেজে আপলোড করেছে। এটাই সাহসিকতার পরিচয় সাংবাদিকদের। তখনই আমার বিশ্বাস জন্মেছে দৈনিক সময়ের সমীকরণ একটি ভালো পত্রিকা এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন

করতে এরা পিছুপা হয় না তাই সাহসিকতার সাথে এই পত্রিকার সংশ্লিষ্ট সকল সাংবাদিকবৃন্দ এগিয়ে যাবেন এই প্রত্যাশা। আমরা আছি আপনাদের সাথে সব সময়।

গাংনীতে স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দীর্ঘ দেড় যুগ পরে গাংনীতে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৩৯ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। স্বেচ্ছাসেবক দলের ৩৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়।

গতকাল মঙ্গলবার বিকেলে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গাংনী উপজেলা বিএনপির কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিনশেষে একই স্থানে এসে শেষ হয়। এর আগে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়ের সামনে আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন গাংনী পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সাবেক কাউন্সিলর এনামুল হক।

আলোচনা সভায় ভার্চুয়ালী যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ- সভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

সভায় প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক শহিদুল ইসলাম।

আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা বিএনপির সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, গাংনী পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইন্সু,পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা,পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জামাল উদ্দীন, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক অ্যাডাম সুমন,

বিএনপি নেতা সোহরাব হোসেন প্রমুখ । সভাটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী।

বক্তারা বলেন, সৈরাচারী ফ্যাসিষ্ট হাসিনা নিরীহ ছাত্র জনতার উপর গুলি চালিয়ে গণহত্যা করেছে। খুনি হাসিনাসহ তার দোসরদের বিচার এই বাংলার মাটিতেই হবে। পরাজিত খুনি হাসিনার দোষররা এখনো দেশে অশান্তি, নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টা লিপ্ত আছে।

বক্তারা আরও বলেন, খুনী শেখ হাসিনা পালিয়ে গেলেও দেশের মধ্যে গোপন ষড়যন্ত্র চলছে। সৈরাচারী হাসিনা বিগত ১৭ বছর আমাদের পথে নামতে দেয়নি। আমাদের নেতাকর্মীদের নামে মিথ্যা নাশকতার মামলা দিয়ে হয়রানি করেছে। মিছিলে উপজেলার বিভিন্ন গ্রাম থেকে শত শত নেতা কর্মী অংশগ্রহন করে এবং খুনি হাসিনা বিরোধী নানা শ্লোগান দেয়।

আলমডাঙ্গায় ৪০ পাউন্ডের কেক কেটে বর্ণাঢ্য পরিবেশে প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে আওয়ামী লীগের ৭৫ তম ড্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্যোগে আজ রোববার সকালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন,বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মাল্যদান,জন্ম বার্ষিকীর কেক কাটা বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসব কর্মসুচীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আজকের এইদিনে আওয়ামীলীগ প্রতিষ্ঠিত হয়েছিল। আওয়ামী লীগ একটি ঐতিহ্যবাহী দল।

আওয়ামীলীগ হলো জনগণের দল,আওয়ামীলীগ জনগণের মুখপাত্র। আওয়ামীলীগ

এক সময় এতোবড় সংগঠন ছিলনা। আজকে আওয়ামীলীগ এশিয়ার একটি বৃহত্তম দল হিসেবে রুপান্তরিত হয়েছে। সময়ের প্রয়োজনে এই দল সৃষ্টি হয়েছিল। এদেশে যা কিছু অর্জন, এ সংগঠনের মাধ্যমেই হয়েছে। স্বাধীনতা যুদ্ধ থেকে ভাষা আন্দোলন সবই এই সংগঠনের নেতৃত্বে হয়েছে। বিনা রক্তে বাঙালি জাতির কোন অর্জন আসেনি। আজকে বাংলাদেশ আওয়ামীলীগের কান্ডারি বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিসার নেতৃত্বে দেশ উন্নয়নের পথে এগিয়ে চলেছে।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছার সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অথিথি ছিলোন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক,সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন,সাবেক সাংগঠনিক সম্ডাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,উপজেলা পরিষদের চেয়ারম্যান কে,এম মঞ্জিলুর রহমান। উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলীর পরিচালনায় আরও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা,সাবেক পৌর সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,কালিদাসপুর ইউনিয়ন সভাপতি জয়নাল আবেদীন, খাদিমপুর ইউপি চেয়ারম্যান মোজাহেদুর রহমান জোয়ার্দ্দার লোটাস,হারদী ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, বেলগাছি ইউনিয়ন সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চনচল চেয়ারম্যান,কুমারী সভাপতি আবু সাঈদ পিন্টু চেয়ারম্যান,ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম, নাগদাহ ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল,জামজামি ইউনিয়ন সভাপতি দিদার আলী,খাসকররা ইউনিয়ন সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু,আলমডাঙ্গা সরকারী কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, পাপন রহমান, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদসা,রবি,সাকিব প্রমুখ।

গাংনীতে মাই টিভির প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গাংনীতে আলোচনা সভা ও কেক কেটে বেসরকারি টিভি চ্যানেল মাই টিভির ১৫ তম প্রতিবার্ষিকী উৎযাপন করা হয়েছে।

মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মাই টিভির গাংনী উপজেলা প্রতিনিধি মাসুদ রানা।

এসময় উপস্থিত ছিলেন, সাংস্কৃতিক কর্মী মজিবুর রহমান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এমএন পাভেল, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সাহাজুল ইসলাম সাজু, হারুন অর রশিদ রবি, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, রকিবুল ইসলাম কবি, বদরুদ্দোজা লাল্টু, সাঈদ হোসেন, বিল্লাল হোসেন প্রমুখ। পরে কেক কাটা হয়।

ঢাকা পোস্টের

প্রতিষ্ঠাবার্ষিকী পালন

ঢাকা পোস্টের চতুর্থ বর্ষে পদার্পণ অনুষ্ঠানে বক্তারা বলেন, বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করার মধ্যদিয়ে ইতোমধ্যে দেশের মানুষের কাছে একটা জনপ্রিয় নিউজপোর্টাল হিসেবে আবির্ভূত হয়েছে ঢাকা পোস্ট। ঢাকা পোস্ট সত্যের সঙ্গে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করছে।

শুক্রবার (১৬ ফেব্রুয়ারি) দুপুরে বাগেরহাটের সুন্দরবন রিসোর্ট ও পিকনিক কর্ণারে ঢাকা পোস্টের চতুর্থ বর্ষে পদার্পণ উপলক্ষে আয়োজিত কেককাটা ও আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন।

অনুষ্ঠানে খুলনা প্রেসক্লাবের সভাপতি এস এম নজরুল ইসলাম বলেন, ঢাকা পোস্ট যেভাবে হাঁটি হাঁটি পা পা করে চতুর্থ বছরে পদার্পণ করল। এর সবচেয়ে বড় বিষয় হলো পাঠক এটিকে পছন্দ করে। কারণ এটি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করে। সত্য এবং বস্তুনিষ্ঠ লিখলেই মানুষ এটাকে পছন্দ করবে।

খুলনা সংবাদপত্র পরিষদের সভাপতি ও দৈনিক পূর্বাঞ্চলের সম্পাদক মোহাম্মদ আলী সনি বলেন, ঢাকা পোস্ট সত্যের সঙ্গে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করছে। তিন বছরের মধ্যে তারা যতদূর এগিয়ে গেছে, তাদের সত্য এবং ভালো সংবাদের মাধ্যমে আমরা আরও এগিয়ে যেতে চায়।

খুলনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও আজকের পত্রিকার খুলনা ব্যুরো প্রধান আবু হাসান বলেন, তথ্য ও প্রযুক্তির যুগে অনলাইন নিউজ পোর্টাল সবচেয়ে বেশি মানুষ পড়ছে। ঢাকা পোস্ট বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করার মধ্যদিয়ে ইতোমধ্যে দেশের মানুষের কাছে একটা জনপ্রিয় নিউজপোর্টাল হিসেবে আবির্ভূত হয়েছে। আমি এই নিউজপোর্টালের উত্তরোত্তর মঙ্গল কামনা করি।

খুলনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মামুন রেজা বলেন, পাঠকদের কাছে এরইমধ্যে ঢাকা পোস্ট একটা ভালো অবস্থান তৈরি করেছে। ভবিষ্যতে এই পাঠকপ্রিয়তা আরও বাড়বে সেই প্রত্যাশা করি।

বাংলাভিশনের বাগেরহাট জেলা প্রতিনিধি মোঃ মাসুদ মোল্লা বলেন, দিন দিন পাঠকদের কাছে জনপ্রিয় হয়ে উঠেছে ঢাকা পোস্ট। বিভিন্ন খুঁটিনাটি বিষয় খুবই সহজে তুলে ধরে পাঠকদের কাছে। আমি নিজেই মোবাইল হাতে নিলে সর্বপ্রথমই ঢাকা পোস্ট ওয়েবসাইট ঘুরে আসি

আমার মতন হাজার আমি পাঠক রয়েছে ঢাকা পোস্টের। ঢাকা পোষ্টের জন্য সবসময় শুভকামনা রইল।

অনুষ্ঠানে ঢাকা পোস্ট খুলনার নিজস্ব প্রতিবেদক মোহাম্মদ মিলন’র সভাপতিত্বে এবং বাংলানিউজ টোয়েন্টিফোরের খুলনা ব্যুরো এডিটর মাহবুবুর রহমান মুন্নার সঞ্চালনায় বক্তব্য দেন ও উপস্থিত ছিলেন দৈনিক পূর্বাঞ্চলের সম্পাদক মণ্ডলীর সভাপতি ফেরদৌসী আলী, খুলনা প্রেসক্লাবের সাবেক সভাপতি বীরমুক্তিএযোদ্ধা মকবুল হোসেন মিন্টু, দৈনিক সময়ের খবরের সম্পাদক মো. তরিকুল ইসলাম, দৈনিক খুলনার নির্বাহী সম্পাদক শাহা আলম, খুলনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক মল্লিক সুধাংশু, খুলনা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান খান রিয়াজ, সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম কাজল, সাংবাদিক হাসান মোল্লা, কৌশিক দে বাপী, আলমগীর হান্নান, মিলন হোসেন, মহেন্দ্রনাথ সেন, বিমল সাহা, কামরুল আহসান, আনিসুজ্জামান, বাপ্পী খান, লিয়াকত হোসেন, মনির হোসেন, বেল্লাল হোসেন সজল, একরামুল হোসেন লিপু, হাবিবুর রহমান, মো. জাহিদ, আতিয়ার রহমান, ফেরদৌস আলম প্রমুখ।

অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলেন, ঢাকা পোস্টের বাগেরহাট জেলা প্রতিনিধি আবু তালেব ও নড়াইল জেলা প্রতিনিধি রাজু আহমেদ।

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে মোহনা টেলিভিশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে পালিত হয়েছে মোহনা টেলিভিশনের প্রতিষ্ঠা বার্ষিক। প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও কেক কেটে জনপ্রিয় টেলিভিশন চ্যানেল মোহনা টেলিভিশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

টেলিভিশনটির ১৪ বছরে পদার্পণ উপলক্ষে এ আয়োজন করা হয়। শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাকক্ষে আয়োজিত মোহনা

টেলিভিশন প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় সভাপতিত্ব করেন মোহনা টেলিভিশনের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি সাইফ জাহান।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফ, দৈনিক পশ্চিমাঞ্চলের সম্পাদক আজাদ মালিতা ও গড়াইটুপি ইউপি চেয়ারম্যান রাজু।

প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে র্যালি পরবর্তী আলোচনা সভায় বক্তব্য রাখেন ৭১ টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি এমএ মামুন, বাংলাদেশ প্রতিদিন ও নিউজ টয়েন্টিফোরের চুয়াডাঙ্গা প্রতিনিধি জামান আখতার এবং সিনিয়র সাংবাদিক শেখ সেলিম। অনুষ্ঠানে বক্তারা মোহনা টেলিভিশনের সমৃদ্ধি কামনা করেন।

মেহেরপুরে কালবেলার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে মেহেরপুরে দৈনিক কালবেলার প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

আজ সোমবার (২৩ অক্টোবর) বেলা ১২ টার সময় মেহেরপুর জেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে আড়ম্বরপূর্ণভাবে দৈনিক কাল বেলার প্রতিষ্ঠা বার্ষিকী পালনের আয়োজন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় অনুষ্ঠানের সভাপতি মেহেরপুর জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন বলেন, ‘কালবেলা এখন আমাদের দৈনন্দিন চিন্তাভাবনাকে নিয়ন্ত্রণ করে। এক বছরের মধ্যেই কালবেলা তার বস্তুনিষ্ঠ ও সাহসী সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশব্যাপী গ্রহণযোগ্যতা তৈরীর পাশাপাশি আমাদের মনোজগতেও প্রভাব ফেলেছে।’

অনুষ্ঠানে মেহেরপুরের জেলা প্রশাসক উপস্থিত থাকার কথা থাকলেও জরুরী মিটিং এর কারণে তিনি উপস্থিত হতে না পেরে কালবেলার মেহেরপুর প্রতিনিধিকে শুভেচ্ছা ও শুভকামনা জানিয়েছেন।

মেহেরপুর জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফির সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন,সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক ফজলে রাব্বি, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ-দৌলা রেজা ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

এছাড়াও আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিসংখ্যান অফিসের উপ-পরিচালক, জেলা কৃষি বিপণন কর্মকর্তা, উপ আনুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ।

আলোচনা সভায় মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক ফজলে রাব্বি বলেন, ‘কালবেলা বস্তুনিষ্ঠ ও তথ্যসমৃদ্ধ খবর প্রকাশের নির্ভীক একটি মাধ্যম। আশা করছি দৈনিক কালবেলা ভবিষ্যতে সংবাদ প্রকাশের এই ধারাবাহিকতা বজায় রাখবে। ‘

বিশেষ অতিথি মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন,’সারাদেশ অনেক পুরাতন ও ভালো পত্রিকা থাকার পরও দৈনিক কালবেলা এক বছরেই যে সুনাম ও গ্রহণযোগ্যতা অর্জন করে শিষে উঠে এসেছে তার মূল কারণ কর্তৃপক্ষের বলিষ্ঠ ভূমিকা ও সারাদেশের সংবাদকর্মীদের বস্তুনিষ্ঠ সংবাদ প্রেরণ। পত্রিকাটি মুক্তিযুদ্ধের পক্ষে কথা বলে। আশা করছি ভবিষ্যতেও এই ধারাবাহিকতা বজায় রাখবে।’

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম বলেন, ‘কালবেলা এক বছরের একটি নবজাতক শিশু কিন্তু এই এক বছরের প্রমাণ হয়েছে তার সূর্যসম প্রভাব। কালবেলা অনেক দূর যাবে এবং অনেক ভালো করবে। এ কারণেই কালবেলা কে আমার অনেক অভিনন্দন। কালবেলা আমাদের অনেক বড় প্রাপ্তি এবং জীবনের নতুন অধ্যায়ের সৃষ্টিকর্তা।’

আলোচনা সভার শেষে কেক কেটে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে বিএনপির একাংশের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিক উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির এক অংশের উদ্যোগে আনন্দ র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার বিকালে মেহেরপুর বড়বাজার জেলা বিএনপির কার্যালয়ে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের যুগ্ন সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলালের সঞ্চালনায় মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক শেখ হুজাইফা ডিক্লেয়ার, জেলা যুবদলের সদস্য এবং জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি সহ জেলা ও উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতা কর্মীবৃন্দ।

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষন করে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে পবিত্র কোরআন তেলাওয়াত এর মধ্যে দিয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক এ জে এম সিরাজুম মনির এর সভাপতিত্বে ফিল্ড সুপারভাইজার তাওহিদুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম

এছাড়াও বক্তব্য রাখেন, জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আমানুল্লাহ, জেলা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি সাদিকুর রহমান, শিক্ষক সাব্বির হোসেন,হুমায়ুন কবির প্রমুখ